

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৮ আগস্ট'২০২১খ্রি.

চসিকের ভ্রাম্যমান আদালত
স্বাস্থ্যবিধি অমান্য কারায়
১১ ব্যক্তিকে জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রোববার নগরীর বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানার ফেরদৌসের নেতৃত্বে পৃথক পৃথক ভাবে নগরীর বহদারহাট, চান্দগাঁও আবাসিক এলাকা, বহদারহাট বাস টার্মিনাল, পুরাতন চান্দগাঁও থানা এলাকা, মৌলভী পুকুর পাড় ও সিএন্ডবি এলাকায় করোনা ভাইরাস জনিত রোগের বিস্তার রোধে সরকারি স্বাস্থ্যবিধি অমান্য করায় নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে ০৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২ হাজার টাকা এবং একই অপরাধে নগরের ওয়াসা মোড়, এম এম আলী রোড, জিইসি মোড়, কাজির দেউরী, প্রবর্তক মোড় ও মেহেদীবাগ রোড এলাকায় স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস পরিচালিত অভিযানে ০৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১ হাজার ১ শত টাকা জরিমানা করা হয়। এই সময় পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করা এবং করোনা ভাইরাস প্রতিরোধকল্পে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করা হয়। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্য বৃন্দ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩